গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফরিদপুর, পাবনা

স্মারক নং-৩১.৪৩.৭৬৫৫.০০৩.০২.০২.২০২২-৭০ তারিখ ঃ ১৫.০২.২০২২ খ্রিঃ

## ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল বাংলা ১৪২৯-১৪৩১ পর্যন্ত অনলাইনে ইজারা বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গেজেট, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ খ্রিঃ তারিখে ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭ এর ২৩ জুন ২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর **"জাল যার জলা তার"** এই নীতির আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের, সায়রাত-১ অধিশাখার ১০.০২.২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৩২ নং প্রজ্ঞাপন মোতাবেক এ উপজেলাধীন তপশিল-খ এ বর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল বাংলা ১৪২৯-১৪৩১ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির নিকট থেকে তপশিল ক এ বর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে দরখাস্ত/আবেদন গ্রহণ করা হবে।

আগ্রহী নিবন্ধিত প্রকৃত যুব মৎস্যজীবী সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজ সেবা আধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎসজিবি সমিতি/সংগঠনকে বর্ণিত সিডিউল অনুযায়ী www.land.gov.bd অথবা www.jm.lams.gov.bd লিংকে অনলাইনে আবেদন করার জন্য আহব্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের পিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নোক্ত তারিখে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনার কার্যালয়ে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত সিডিউলে বর্ণিত তারিখের পর আর আবেদন গ্রহন করা হবে না। আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা এর অনুকুলে প্রদেয় ইজারা মুল্যের ২০% মূল্যের (অফেরৎ যোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

তপশিল-ক

| বিজ্ঞপ্তি নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১ | অনলাইনে আবেদন দাখিল | ১০ থেকে ১৫ ফাল্গুন (২৩-২৮ ফেব্রুয়ারী, ২০২২) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল (প্রতিদিন সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ ঘটিকা) | ১৬ ফাল্গুন হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০১-০৩ মার্চ, ২০২২) |
| ০৩ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলতকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | ২৫ ফাল্গুন (১০ মার্চ, ২০২২) |

15/02/2022
(মোছাঃ জেসমীন আরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল কমিটি
ফরিদপুর, পাবনা

বাংলা ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ৩ বৎসর মেয়াদে ইজারা যোগ্য জলমহালের বিবরণ

| ক্রমিক নং | জলমহালের নাম | তফশীল সম্পত্তি | ইউনিয়নের নাম | বাৎসরিক সরকারি সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|---|
| ১ | গুমানী নদী জলকর | মৌজা: পুরন্দরপুর, আয়তন: ৯.৯৮ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ৩১৬০৫.০০ |
| ২ | রাকশাবাড়ি জলকর | মৌজা: বাগুরিয়া, আয়তন: ১৪.৬০ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ১২৭০৫.০০ |
| ৩ | জন্তিহার নদী জলকর | মৌজা: জন্তিহার, আয়তন: ৩.৬৬ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ৪২০০.০০ |
| ৪ | কূপ নদী জলকর | মৌজা: পুরন্দরপুর, আয়তন: ২.২০ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ২১০০.০০ |
| ৫ | বিলনলুয়া জলকর | মৌজা: বিলনলুয়া আয়তন: ৭.৩৬ একর | ঐ | ১৯৪৩.০০ |
| ৬ | শুটকীদহ মরা নদী | মৌজা: বাগুরিয়া, আয়তন: ১৪.১৩ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ৬৩০০.০০ |
| ৭ | ভাঙ্গাডোল জলকর | মৌজা: দেওভোগ, আয়তন: ৪.৩৬ একর | ঐ | ১১০২৫.০০ |
| ৮ | দুবলার জলা | মৌজা: মৌদ, আয়তন: ১৩.৮০ একর | হাদল | ২৭৩০০.০০ |
| ৯ | গোহালা নদী | মৌজা: বৃদাপুনিয়া আয়তন: ৮.৩৪ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ৭৮৭৫.০০ |
| ১০ | কানসোনা বিল জলকর | মৌজা: ডেমরা, আয়তন: ৪.৫০ একর | ডেমরা | ১১৭৬০.০০ |
| ১১ | জন্তিহার পুকুর | মৌজা: পাঁচ জন্তিহার, আয়তন: ০.৬০ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ৩৩৬০.০০ |
| ১২ | লক্ষীকোল পুকুর | মৌজা: লক্ষিকোল, আয়তন: ১.৫৬ একর | ঐ | ৫৯৮৫.০০ |
| ১৩ | চিকনাই নদী (অংশ) | মৌজা: ফরিদপুর আয়তন: ০.৫০ একর | ফরিদপুর | ২৬২৫.০০ |
| ১৪ | পাঁচ জন্তিহার মহাল পুকুর জলকর | মৌজা: পাঁচ জন্তিহার, আয়তন: ২.৫৩ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ২৮৩৫০.০০ |
| ১৫ | চক শংকর বিলা জলমহাল | মৌজা: ফরিদপুর, আয়তন: ৪.২৩ একর | ফরিদপুর | ৪৭২৫০.০০ |
| ১৬ | জন্তিহার পুকুর | মৌজা: পাঁচ জন্তিহার, আয়তন: ০.৮৭ একর | বৃ-লাহিড়ীবাড়ী | ১৫০০.০০ |
| ১৭ | মেন্দার বাড়ী জলকর | মৌজা: গোয়ালগাও, আয়তন: ৫.০৪ একর | হাদল | ৩৬৭৫.০০ |
| ১৮ | শালিকা জলকর | মৌজা: বিলচান্দক, আয়তন: ১১.১৬ একর | পুঙ্গলী | ৫০০০.০০ |
| ১৯ | দোগার বিল জলকর | মৌজা: কল্যাণী বড় আয়তন: ২.৪৯ একর | ডেমরা | ৫০০০.০০ |
| ২০ | বাদল চিকনাই নদী | মৌজা: বাদাল, আয়তন: ৪.২৬ একর | হাদল | ৪০০০.০০ |
| ২১ | ভাংগাডোল জলকার (আরকান্দি) | মৌজা: আরকান্দি, আয়তন: একর | বৃ-লাহিড়িবাড়ী | ২০০০.০০ |
| ২২ | মরা নদী জলকর | মৌজা: খলিশাদহ, আয়তন: ২.২৩ একর | বনওয়ারীনগর | ৪০০০.০০ |
| ২৩ | তেল কুনী বিল | মৌজা: সাভার আরাজি, আয়তন: ৫.৬৮ একর | ফরিদপুর | ৬০০০.০০ |
| ২৪ | দিয়ার পাড়া জলকর | মৌজা: সাভার খাগরবাড়ি, আয়তন: ৫.২৫ একর | ঐ | ৬০০০.০০ |
| ২৫ | নাদোবাড়ী মৌজার জলা | মৌজা: নাদোবাড়ী, আয়তন: ৩.৭৫ একর | হাদল | ৫০,০০০.০০ |

Jesmin
15/02/2022

(মোছা: জেসমীন আরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল কমিটি
ফরিদপুর, পাবনা
মোবা: ০১৭৬২-৬২১০০৩

বাংলা ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ বৎসর মেয়াদে বদ্ধ সরকারি জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্তাবলী

০১ আবেদন ফরম উপজেলা ভূমি অফিস, ফরিদপুর, পাবনা কার্যালয়ে পাওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পর কোন আবেদন পত্র/ফরম বিক্রয় করা হবে না।

০২ আবেদন পত্রের সাথে ৫০০(পাঁচ) শত টাকার আবেদন ফি (অফেরৎ যোগ্য), ফরিদপুর উপজেলার যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে।

০৩ ইজারা বিজ্ঞপ্তিতে ১ (এক) বছরের বার্ষিক মূল্য উল্লেখ করা হয়েছে, যা ৩ বছরের জন্য উল্লেখিত মূল্যের ০৩(তিন) গুণ হবে।

০৪ নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদন পত্র গ্রহণ করা হবে।

০৫ আবেদন পত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৬ সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি নিবন্ধিত সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭ আবেদন পত্রের সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করতে হবে এবং উহার অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

০৮ আবেদন পত্রের নির্দিষ্ট কলামসমূহ যথাযথ ভাবে পুরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

০৯ আবেদন পত্রে/ফরমে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১০ বিশেষত আবেদন পত্রে/ফরমের টাকার অংকের ঘরে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১১ আবেদন পত্রের সাথে ১ম বছরের জন্য উদ্ধৃত মূল্যের ২০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংকের পে-অডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।

১২ আবেদনকারী কর্তৃক দেয় দর অনুমোদিত হলে ইজারা মূল্য পরিশোধের সময় ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর ও ১০% আয়কর ইজারা গ্রহিতাকে পরিশোধ করতে হবে।

১৩ আবেদন পত্রের সাথে মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১৪ আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবিদের সমবায় সমিতির/যুব মৎস্যজীবি সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের প্রয়োজন হবে না।

১৫ আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতিকে ০৩(তিন) বছর মেয়াদি লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৬ জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি যারা সমবায়/সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত, সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে।

১৭ আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

১৮ মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতিকে যাচাই বাচাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারার মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা/বন্দোস্তের অযোগ্য বিবেচিত হবে।

১৯ জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহীতা সমিতির সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য প্রতি বৎসর উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনার অবগতির জন্য পেশ করবেন।

২০ জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবে না। বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না।

২১ কোন মৎস্যজীবি সমবায় সংগঠন/যুব মৎস্যজীবি সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

২২ জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরে যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকেই কার্যকর হবে এবং একই বছরের ৩০ শে চৈত্র তারিখে তা শেষ হবে। যদি এই সময়ের মধ্যে কোন খাস কালেকশন করা হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পারেন না।

২৩ বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়ে রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৪ কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৫ প্রথম তারিখের সিদ্ধান্তবিহীন জলমহালসমূহ পরবর্তী তারিখে (ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী) ইজারার কার্যক্রম পরিচালিত হবে।

২৬ জলমহালের কোন ক্ষতি সাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর লীজ গ্রহীতার অধিকার বর্তাবে না।

২৭ জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই-বাচাইয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর,পাবনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদন পত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

২৮ জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

২৯ উল্লেখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৩০ জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে সরকারি **"জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯"** অনুযায়ী পরিচালিত হবে। এছাড়া বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি- বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

Jesmin
15/02/2022

(মোছাঃ জেসমীন আরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল কমিটি
ফরিদপুর, পাবনা
মোবাঃ ০১৭৬২-৬২১০০৩